তনু হত্যা মামলায় রিমান্ড শেষে কারাগারে সাবেক সেনা কর্মকর্তা



সংগৃহীত ছবি

কুমিল্লার আলোচিত কলেজছাত্রী সোহাগী জাহান তনু হত্যা মামলায় গ্রেফতার হওয়া ওয়ারেন্ট অফিসার হাফিজুর রহমানকে তিন দিনের রিমান্ড শেষে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। শনিবার (২৫ এপ্রিল) দুপুরে চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক আবদুল্লাহ আমান এ আদেশ দেন।

তদন্ত সংশ্লিষ্ট কর্মকর্তা, পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনের (পিবিআই) পরিদর্শক তরিকুল ইসলাম জানান, রিমান্ডে জিজ্ঞাসাবাদ শেষে আসামিকে আদালতে হাজির করা হলে বিচারক তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

এ ঘটনায় এখনো অন্য কোনো আসামি গ্রেফতারের বিষয়ে নতুন তথ্য পাওয়া যায়নি। তবে মামলার গুরুত্বপূর্ণ অংশ হিসেবে ডিএনএ ক্রস-ম্যাচিং প্রক্রিয়া চলমান রয়েছে বলে জানা গেছে।

এর আগে, গত বুধবার গ্রেফতারের পর হাফিজুর রহমানকে কুমিল্লার আদালতে তোলা হলে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মমিনুল হক তিন দিনের রিমান্ড মঞ্জুর করেন।

উল্লেখ্য, ২০১৬ সালের ৬ এপ্রিল কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের ইতিহাস বিভাগের ছাত্রী তনুকে ধর্ষণের পর হত্যা করা হয়। দীর্ঘ এক দশক পর মামলায় নতুন করে অগ্রগতি হিসেবে তিনজনের ডিএনএ পরীক্ষার নির্দেশ দিয়েছে আদালত।